



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ১৭.১০.২০২৩

প্রেস রিলিজ

পাবিপ্রবিতে আয়কর বিবরণী বিষয়ে কর্মশালা অনুষ্ঠিত

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে গতকাল সোমবার ১৬ অক্টোবর “ইনকাম টেক্স রিটার্ন ইনস অ্যান্ড আউটস: হাউ টু মেইক ইট সিম্পল অ্যান্ড ট্রান্সপারেন্ট” শিরোনামে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। শিক্ষক ও কর্মকর্তাদের জন্য দুটি ব্যাচে সকাল ১০টা ও দুপুর ২টায় কর্মশালাটি সম্পন্ন হয়। উদ্বোধনী কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন। এতে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. এসএস মোস্তফা কামাল খান এবং কোষাধ্যক্ষ কে এম সালাহ উদ্দীন।

কর্মশালায় প্রশিক্ষক ছিলেন রাজশাহী কর অঞ্চলের অতিরিক্ত কর কমিশনার মোহাম্মদ শাহ আলম এবং সহকারী কর কমিশনার মো. শিহাব উদ্দিন আহম্মেদ। বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক ও কর্মকর্তা কর্মশালায় অংশগ্রহণ করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি)-এর পরিচালক অধ্যাপক ড. মীর খালেদ ইকবাল চৌধুরী। সার্বিক তত্ত্বাবধানে ছিলেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. শেখ রাসেল আল-আহম্মেদ এবং সহযোগী অধ্যাপক ড. মো. নূর আলম। কর্মশালাটি বিশ্ববিদ্যালয়ের এক্সাম হল ভবনে অনুষ্ঠিত হয়।

এদিকে সকাল ১১টায় পাবিপ্রবি প্রেসক্লাবের প্রথম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন ক্যাম্পাসে বৃক্ষরোপণ ও র্যালিতে অংশগ্রহণ করেন। র্যালি শেষে কেক কাটা এবং আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে উপ-উপাচার্য অধ্যাপক ড. এসএস মোস্তফা কামাল খান এবং কোষাধ্যক্ষ কে এম সালাহ উদ্দীন বক্তব্য প্রদান করেন।

(মো.বাবুল হোসেন)

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়